

ঃ ১৪২৬ বঙ্গাব্দ সনের জন্য হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা এর স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ২১/০৯/২০১১খ্রি. এবং স্মারক নং ৪৬.০৪১. ০৩০. ১৯.০০.০১৯.২০১০(অংশ-১) ৮৮ তারিখ ০১/০৩/২০১৬খ্রি. স্মারকে জারীকৃত সর্বশেষ নীতিমালা মোতাবেক হাজীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪২৬ বঙ্গাব্দ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত দেয়ার জন্য শর্ত সাপেক্ষে অনুমোদিত দরপত্র ফরমে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র ফরম নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, আলীগঞ্জ শাখা, হাজীগঞ্জ থানা (পুলিশ স্টেশন), জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) হতে অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত হারে নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে, সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ কার্যালয়ে এবং জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের কার্যালয়ে (স্থানীয় সরকার শাখায়) রক্ষিত দরপত্র বাস্তবে নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী সকাল ০৯-০০ ঘটিকা হতে বেলা ০৩-০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই অর্থাৎ দরপত্র দাখিলের দিন বেলা ০৪-০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন জানা যাবে।

দরপত্র ফরম বিক্রয় ও দরপত্র গ্রহণের ক্যালেন্ডার

পর্যায়সমূহ	দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র ফরম গ্রহণের তারিখ
১ম	১০-০৩-২০১৯খ্রিষ্টাব্দ / ২৬-১১-১৪২৬বঙ্গাব্দ	১১-০৩-২০১৯খ্রিষ্টাব্দ / ২৭-১১-১৪২৬বঙ্গাব্দ
২য়	২৭-০৩-২০১৯খ্রিষ্টাব্দ / ১৩-১২-১৪২৬বঙ্গাব্দ	২৮-০৩-২০১৯খ্রিষ্টাব্দ / ১৪-১২-১৪২৬বঙ্গাব্দ
৩য়	০৭-০৪-২০১৯খ্রিষ্টাব্দ / ২৪-১২-১৪২৬বঙ্গাব্দ	০৮-০৪-২০১৯খ্রিষ্টাব্দ / ২৫-১২-১৪২৬বঙ্গাব্দ
অব্যাহত	-	-

১৪২৬ বঙ্গাব্দ সনের জন্য ইজারায়োগ্য হাট বাজারসমূহঃ

ইউনিয়নের নাম	ক্রমিক নং	হাট বাজারের নাম	১৪২৬ বঙ্গাব্দ সনের কাজিত ইজারা মূল্য	দরপত্র/সিডিউলের মূল্য
রাজারগাঁও	১	রাজারগাঁও	১,৬৩,১৩৪/-	১,০০০/-
দ্বাদশ গ্রাম	২	চৈত্রাতলী	১,২৩,৭৩৮/-	১,০০০/-
বাকিলা	৩	বাকিলা	২০,১৫,৭২৫/-	৪,৮০০/-
কালচৌ (উত্তর)	৪	পিরোজপুর	৩৭,১০৭/-	৫০০/-
	৫	আদর্শ সাহেব	৭,৭৭০/-	৫০০/-
কালচৌ (দক্ষিণ)	৬	রামপুর	১,৭৮,৯০৫/-	১,২০০/-
হাজীগঞ্জ সদর	৭	সুহিলপুর	৩,৭১০/-	৫০০/-
	৮	অলিপুর	২,১২০/-	৫০০/-
বড়কুল (পূর্ব)	০৯	বেলচৌ	৭৭,৮৭৫/-	৫০০/-
	১০	রায়চৌ	৩০,৯৭৫/-	৫০০/-
	১১	সেন্দ্রা	৩,৮১৬/-	৫০০/-
বড়কুল (পশ্চিম)	১২	রামচন্দ্রপুর	১৬,৪০৯/-	৫০০/-
	১৩	দেবীপুর	৩,৩৪২/-	৫০০/-
গন্ধর্ব্যপুর (উত্তর)	১৪	পালিশারা	৯৭,৪৯৮/-	৫০০/-
	১৫	আহম্মদপুর	১৪,১৭৮/-	৫০০/-
	১৬	গন্ধর্ব্যপুর	১০,১২৩/-	৫০০/-
	১৭	মৈশামুড়া	১,৯১১/-	৫০০/-
	১৮	তারালিয়া	১,৯০৬/-	৫০০/-
গন্ধর্ব্যপুর (দক্ষিণ)	১৯	কাশিমপুর	৮৭,৯০৯/-	৫০০/-
	২০	দেশগাঁও	৮,১৪৯/-	৫০০/-



(বৈশাখী বড়ুয়া)

উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর

email:unohajigonjchandpur@gmail.com

১৪২৬ বঙ্গাব্দ হাট বাজার ইজারার শর্তাবলীঃ

- ১। ১৪২৬ বঙ্গাব্দ সনের ১ বৈশাখ হতে ১৪২৬ বঙ্গাব্দ সনের ৩০ চৈত্র পর্যন্ত এক (১) বৎসর মেয়াদ কালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাৰ্পণ করা হবে।
- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাজিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। অর্থাৎ প্রথম পর্যায়ে কোন হাট বাজারের অনুকূলে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা প্রাপ্ত দরপত্র উপজেলা পরিষদ সভায় গৃহীত না হলে দ্বিতীয় পর্যায়ে ঐ হাট বাজারের অনুকূলে দরপত্র গ্রহণ করা হবে। এভাবে তৃতীয় পর্যায়ের জন্যও দরপত্র গ্রহণ করা হবে। সিদ্ধান্তের বিষয়ে আগ্রহী ব্যক্তি/দরদাতাগণ অফিস চলাকালীন সময় অত্র কার্যালয় হতে অথবা অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানতে পারবেন।
- ৫। এক বাজারের জন্য ত্রয়কৃত দরপত্র আর এক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য করা হবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ৩ কার্য দিবসের মধ্যে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(বৈশাখী বড়ুয়া)

উপজেলা নির্বাহী অফিসার

হাজীগঞ্জ, চাঁদপুর


email:unohajigonjchandpur@gmail.com

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

- ১। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ২। পুলিশ সুপার, চাঁদপুর।
- ৩। মেয়র, হাজীগঞ্জ পৌরসভা, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।

অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো।

- ৬। উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর/মতলব/মতলব উত্তর/ফরিদগঞ্জ/শাহরাস্তি/কচুয়া/হাইমচর, চাঁদপুর।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী/অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা/সাব-রেজিস্টার/উপজেলা পোস্ট অফিস, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৯। ম্যানেজার, সোনালী ব্যাংক লি:, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ১০। প্রশাসক/চেয়ারম্যান,ইউপি (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর। তাঁর এলাকার বাজারসমূহে বহুল প্রচারের জন্য।
- ১১। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, হাজীগঞ্জ।
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), হাজীগঞ্জ। বর্ণিত বিজ্ঞপ্তিখানা তার অধিক্ষেত্রের বাজারসমূহে (বাজারের দিন) মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা নিশ্চিত করতে তাকে বলা হলো।
- ১৩। ইউনিয়ন স্বাস্থ্য সহকারী (সকল) ইউনিয়ন কমিউনিটি সেন্টার, হাজীগঞ্জ।
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বাজার ব্যবসায়ী সমিতি (সকল), হাজীগঞ্জ।
- ১৫। জনাব ইজারাদার বাজার (সকল) হাজীগঞ্জ।
- ১৬। অফিস নথি/ সংশ্লিষ্ট বাজার নথি।



(বৈশাখী বড়ুয়া)

উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর

email:unohajigonjchandpur@gmail.com